

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৮৩
কৈলাসহর, ২৯ ডিসেম্বর, ২০২৩

১২-১৬ এপ্রিল কুমারঘাটে রাজ্যভিত্তিক বিজু উৎসব

রাজ্যভিত্তিক বিজু উৎসব উদযাপন উপলক্ষে সম্প্রতি কৈলাসহর সার্কিট হাউসের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ১২ এপ্রিল থেকে ১৬ এপ্রিল পাঁচদিন ব্যাপী বিজু উৎসব কুমারঘাট মহকুমার লেদ্রাই দেওয়ান এইচ এস স্কুল প্রাঙ্গনে উদযাপন করা হবে। সভায় সভাপতিত্ব করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা। সভায় উপস্থিত ছিলেন বিধায়ক ভগবান চন্দ্র দাস, বিধায়ক শম্ভুলাল চাকমা, পৈঁচারখল বিএসি'র চেয়ারম্যান সজল চাকমা, ঊনকোটি জেলার জেলাশাসক রাজীব দত্ত, কুমারঘাট মহকুমার মহকুমা শাসক সুব্রত কুমার দাস, পৈঁচারখল ও চন্ডীপুর ব্লকের বিডিও সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। রাজ্যভিত্তিক বিজু উৎসবে বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে প্রদর্শনী স্টল খোলা হবে। তাছাড়া প্রতিদিন সন্ধ্যায় থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠান। রাজ্যভিত্তিক এই অনুষ্ঠানকে সার্বিকভাবে সফল করে তোলার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা আসন্ন এই উৎসবে বিভিন্ন দপ্তরকে নিজ নিজ দায়িত্ব পালন করার জন্য আহ্বান জানান। এই উৎসবকে সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষ্যে একটি উপদেষ্টা কমিটি, একটি পরিচালন কমিটি ও বিভিন্ন উপকমিটি গঠন করা হয়েছে।
